

ফরম পুরণের বিজ্ঞপ্তি
বিবিএ পার্ট-১, ১ম সেমিস্টার-২০১৮
শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮

এতদ্বারা আই.এস.টির বিবিএ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ০৯ আগস্ট ২০১৮ ইং তারিখ হতে ২৭ আগস্ট ২০১৮ ইং তারিখের মধ্যে বিবিএ পার্ট-১, ১ম সেমিস্টার ২০১৮ পরীক্ষার অনলাইনে ফরম উত্তোলন ও আই.এস.টিতে জমাদানের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে অনলাইনে পূরনকৃত ফরম হিসাব শাখায় জমাদানের পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পুরণ করতে পারবেনা। এখানে উল্লেখ্য যে, যে সকল শিক্ষার্থী ভর্তির সময় Development fee জমা দেয় নাই, তাদেরকে হিসাব শাখায় নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ফরম পুরনের নির্দেশনাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পুরন এবং কলেজে জমাদানের শেষ তারিখ: ০৯/০৮/২০১৮ থেকে ২৭/০৮/২০১৮ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/cse) form fill-up এ গিয়ে Apply to online form fill-up (for Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরনকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরনকৃত ফরমটিতে উপরের অংশে ক্লাশ রোল লিখে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে।

ফরম পুরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্স কো-অর্ডিনেটর এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহনযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (নতুন সিলেবাস অনুযায়ী): পরীক্ষার ফি, কেন্দ্র ফি ২৫০০/- টাকা এবং মডেল টেস্ট পরীক্ষার ফি ৩০০/- সহ সর্বমোট ২৮০০/-টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি (পুরাতন সিলেবাস অনুযায়ী): ২৫০০/- টাকা। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহন করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে শেষ বারের মত পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে।

(মো: উজ্জ্বল হোসেন)

কোর্স কো-অর্ডিনেটর

১ম সেমিস্টার, ব্যবসায় প্রশাসন বিভাগ

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। পরিচালক, আই.এস.টি।
- ২। উপ-পরিচালক, আই.এস.টি।
- ৩। বিভাগীয় প্রধান, ব্যবসায় প্রশাসন বিভাগ
- ৪। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৫। হিসাব শাখা, আই.এস.টি।
- ৬। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৭। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৮। সিনিয়র অফিস সহকারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।